

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 05.10.2024**

**Time: 7-35 A.M**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) আর জি কর ইস্যুতে জুনিয়ার চিকিৎসকরা তাদের লাগাতার কর্ম বিরতি প্রত্যাহার করে নিলেও ২৪ ঘন্টার মধ্যে তাদের দাবি পূরণ না হলে আমরন অনশনের ভঁশিয়ারী দিয়েছেন।

WBJDF এর পক্ষ থেকে গত সন্ধ্যায় ধর্মতলায় এক অবস্থান মঞ্চ থেকেই এই পূর্ণ কর্মবিরতি প্রত্যাহারের কথা ঘোষণা করা হয়।

২) শারদ উৎসবের দিনগুলিতে শহরে যে কোন রকমের অশান্তি এড়াতে কলকাতা পুলিশ সব রকমের ব্যবস্থা নিচ্ছে। লালবাজারে আজ পুজোর গাইড ম্যাপ প্রকাশ করে নগরপাল একথা বলেন।

৩) রাজ্যে আরও বিনিয়োগ টানতে খুচরো পণ্য নীতি তৈরির সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার।

৪) আবাস যোজনার টাকা উপভোক্তারা যাতে অন্য কোনও খাতে না খরচ করেন রাজ্য সরকার সে ব্যপারে সতর্ক হচ্ছে।

৫) ঐতিহ্যবাহী কলকাতা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা পাঠক্রম ৭৫ বছরে পদার্পণ করতে চলেছে আগামী সোমবার।

৬) আইএসএল ফুটবলে আজ ইস্টবেঙ্গল, মোহনবাগান সুপারজায়ান্ট ও মহামেডান স্পোর্টিং মাঠে নামছে।

---

আর জি কর ইস্যুতে জুনিয়ার চিকিৎসকরা তাদের লাগাতার কর্ম বিরতি প্রত্যাহার করে নিলেও ২৪ ঘন্টার মধ্যে তাদের দাবি পূরণ না হলে আমরন অনশনের ভঁশিয়ারী দিয়েছেন। ওয়েস্ট

বেঙ্গল জুনিয়ার ডষ্টের্স ফন্ট WBJDF এর পক্ষ থেকে গত সন্ধ্যায় ধর্মতলায় এক অবস্থান মঞ্চ থেকেই এই পূর্ণ কর্মবিরতি প্রত্যাহারের কথা ঘোষণা করা হয়। তবে লাগাতার আন্দোলন চলবে। WBJDF এর পক্ষে ডষ্টের অনিকেত কর বলেন, ‘তাঁরা কোনও চাপের মুখে পড়ে কর্মবিরতি প্রত্যাহার করছেন না, সাধারণ মানুষের পরিষেবার কথা মাথায় রেখেই এই সিদ্ধান্ত। আজ রাত সাড়ে ৮ টার মধ্যে এই ২৪ ঘন্টা সময়সীমা সরকার তাদের দাবি না মানলেও তবে তারা জীবনের বাজি রেখে আমরণ অনশন শুরু করবেন।’

### বাইট অনিকেত

এর আগে আন্দোলনকারী জুনিয়ার ডাষ্টার রা এস এস কে এম থেকে ধর্মতাল পর্যন্ত এক মিছিলে যোগ দেন। মিছিলকে কেন্দ্র করে ধর্মতলায় তুমুল উত্তেজনা দেখা দেয়। মেট্রো চ্যানেলে অপেক্ষারত তাদের সহকর্মীকে টেনে হিঁচড়ে সরিয়ে দেওয়া ও ইন্টার্নদের সঙ্গে অভব্য আচরণ করা হয়েছে, এর প্রতিবাদে রাস্তায় বসে পড়েন জুনিয়ার চিকিৎসকরা। সেখানেই শুরু হয় অবস্থান বিক্ষোভ। ডেরিয়ান ক্রসিং-এর বিক্ষোভ মঞ্চ থেকে ডাষ্টার দেবাশিস হালদার সাংবাদিকদের বলেন,

### বাইট দেবাশিস

---

এদিকে, RG Kar-এ আর্থিক দুর্নীতি মামলায় সি বি আইয়ের হাতে ধৃত ত্রুটি মূল ছাত্র পরিষদ নেতা চিকিৎসক আশিষ পাণ্ডেকে সাতই অক্টোবর পর্যন্ত CBI হেফাজতে পাঠানো হয়েছে। তাকে আজ আলিপুর আদালতে তোলা হয়। RG Kar-এর প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ঘনিষ্ঠ আশিস পাণ্ডেকে গতকাল গ্রেপ্তার করে তদন্তকারী সংস্থা।

CBI সূত্রে জানা গেছে, আর্থিক দুর্নীতি মামলার সঙ্গে RG Kar-এর তরুণী PGT চিকিৎসকের ধর্ষণ ও খুনের কোনো যোগ আছে কিনা, আশীষ পাণ্ডেকে বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে তা' খতিয়ে দেখা হবে। সেমিনার হলে যেখানে ওই চিকিৎসকের দেহ উদ্ধার হয়েছিল, সেখানে আশিস পাণ্ডেকে দেখা গিয়েছিল বিভিন্ন ভিডিও ক্লিপিং-এ।

এদিকে, RG Kar-এর চিকিৎসক খুন ও ধর্ষণের ঘটনায় ধৃত সন্দীপ ঘোষ ও টালা থানার ওসি অভিজিত মণ্ডলের জেল হেফাজতের মেয়াদ আজ শেষ হচ্ছে। তাদের আবার ১৪ দিন জেল হেফাজতে পাঠানোর আবেদন করেছে সিবিআই।

---

নিউটাউনের যাত্রাগাছি বিবেকানন্দ পালিতে ১৬ বছরের এক নাবালিকাকে ধর্ষণ করার অভিযোগে প্রতিবেশী সঙ্গ্রহ হালদারকে আটক করেছে পুলিশ। অভিযুক্ত সঙ্গ্রহ হালদারের বাড়িতে গতকাল ভাঙ্চুর চালায় প্রতিবেশিরা। নিউটাউন থানার পুলিশ ঘটনাস্থলে গেলে তাদের ঘিরে বিক্ষোভ দেখানো হয়। এই নিয়ে এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়ায়।

নাবালিকার মা জানিয়েছেন, সম্প্রতি ভোরবেলা তার ও স্বামীর অনুপস্থিতিতে প্রতিবেশি সঙ্গ্রহ এই কাজ করে। মুখ খুললে মেয়েটিকে এসিড হামলা ও বাবা মাকে মেরে ফেলার হৃমকিও দেওয়া হয়। মেয়েকে ডাঙ্গারের কাছে নিয়ে যাওয়ার পর এই ঘটনা প্রকাশ্যে আসে।

---

দক্ষিণ শহরতলির বাঁশদ্রোগীতে পে লোডার এর ধাক্কায় স্কুল ছাত্রের মৃত্যুর ঘটনায় মৃতের পরিবারকে আর্থিক ক্ষতিপূরণের দাবি জানিয়েছে কংগ্রেস। ওই মৃত কিশোরের পরিবারকে ১০ লক্ষ টাকা সাহায্য ও পরিবারের একজনকে সরকারি চাকরি দেওয়ার দাবি জানিয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষর সরকার মুখ্যমন্ত্রী মমতা ব্যানারজি কে চিঠি দিয়েছেন। সেই সঙ্গে সড়ক সংস্কারের দাবী জানানো হয়েছে বলে প্রদেশ কংগ্রেস সূত্রে জানা গেছে।

এদিকে বাঁশদ্রোগীর ঘটনায় গাড়ির মালিক সহ ২ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। DC SSD বিদিশা কলিতা জানিয়েছেন, মালিক বিশ্বকর্মা শর্মা-ই ঘটনার পর চালক শন্তুরামকে পালাতে সাহায্য করেছিল।

---

শারদ উৎসবের দিনগুলিতে শহরে যে কোন রকমের অশান্তি এড়াতে কলকাতা পুলিশ সব রকমের ব্যবস্থা নিচ্ছে। লালবাজারে গতকাল পুজোর গাইড ম্যাপ প্রকাশের পরে নগরপাল মনোজ ভার্মা সাংবাদিকদের বলেন, RG Kar ইস্যুতে গত দু' মাস ধরে শহরে যেভাবে প্রতিবাদ আন্দোলন চলছে পুজোর মধ্যেও সেইরকম কিছু হলে, তা' মোকাবিলায় পুলিশ প্রস্তুত।

পুজোয় যানবাহন নিয়ন্ত্রণ ও ভিড় সামাল দিতে ১৮ জন অ্যাসিস্ট্যান্ট কমিশনারের পাশাপাশি, ১০৮ জন ইন্পেক্টর, ৫৫০ জন সার্জেন্ট, তিন হাজার ৬০০ কনস্টেবল, পাঁচ হাজার ৪০০ জন অস্থায়ী হোমগার্ড ও সিভিক ভলান্টিয়ারকে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তায় মোতায়েন করা হবে।

### বাইট

উল্লেখ্য, এই বছর শহরে ২ হাজার ৯০৫টি পুজোকে অনুমতি দেওয়া হয়েছে।

---

সাম্প্রতিক বন্যা ও ভূমিধূসে ক্ষতিগ্রস্ত জেলাগুলির গ্রামীণ এলাকায় কতগুলি রাস্তা ভেঙে গিয়েছে বিস্তারিতভাবে তা দ্রুত জানানোর জন্যে রাজ্য সরকার উত্তর ও দক্ষিণবঙ্গের সব জেলাশাসককে নির্দেশ দিয়েছে। পুজোর আগেই জরুরী ভিত্তিতে বন্যা বিধ্বস্ত রাস্তা, কালভার্ট সারানোর জন্যে কত টাকা লাগবে, পঞ্চদশ অর্থ কমিশন বা অন্য কোন তহবিল থেকে সেই টাকা খরচ করার সুযোগ আছে কিনা রিপোর্টে সেই কথাও উল্লেখ করতে বলা হয়েছে।

উল্লেখ্য সম্প্রতি নিম্নচাপজনিত কারণে বৃষ্টি এবং ডিভিসির ছাড়া জলে দক্ষিণবঙ্গের ১২টি ও বৃষ্টি, ভূমিধূসে উত্তরবঙ্গের পাঁচটি জেলা সরবাধিক ক্ষতিগ্রস্ত হয়েছে।

---

শহর কলকাতা থেকে ট্রাম তুলে নেওয়ার সিদ্ধান্তের প্রতিবাদে প্রদেশ যুব কংগ্রেস গতকাল রাজ্য পরিবহন ভবনের সামনে বিক্ষোভ দেখায়। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষে সরকার, রাজ্য যুব কংগ্রেসের সভাপতি আজহার মল্লিক সহ প্রদেশ যুব কংগ্রেসের কর্মী সদস্যরা বিক্ষোভ কর্মসূচিতে অংশ নেন।

---

চলতি শিক্ষাবর্ষে সব সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে একাদশ শ্রেণীতে দ্বিতীয় সেমিস্টারে পাঠরত ছাত্র ছাত্রীদের সুবিধায় রাজ্য সরকার পুজোর ছুটিতে তাদের অনলাইনে ক্লাস নিতে হবে বলে বিজ্ঞপ্তি জারি করেছে। উচ্চ মাধ্যমিক শিক্ষা পর্ষদ থেকে আজ সব বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারি শিক্ষক, ছাত্র ছাত্রী, অভিভাবক ও সংশ্লিষ্ট সহ সংস্থাকে উদ্দেশ্য করে জারি করা এক বিজ্ঞপ্তিতে এই সেমিস্টারের পড়াশুনোর যেন ক্ষতি না হয় তার জন্যে পারস্পরিক সমন্বয় বৃদ্ধি করে আগামী একুশে অক্টোবর থেকে তিরিশ অক্টোবর পর্যন্ত ছাত্র ছাত্রীদের অনলাইনে ক্লাস করানোর কথা বলা হয়েছে।

---

পুজোর আগে অতিরিক্ত ভিড় সামাল দিতে মেট্রোরেল হাওড়া ময়দান এসপ্ল্যানেড করিডরে অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। আজ থেকে বুধবার ৯ই অক্টোবর পর্যন্ত এই করিডরে ১১৮ টির পরিবর্তে আপ ও ডাউন মিলিয়ে ১৩০ টি করে ট্রেন চালানো হবে। রবিবার এই করিডরে ৪৬টির পরিবর্তে চলবে ৮২ টি ট্রেন। মেট্রোর তরফে গতকাল এক বিবৃতিতে এ কথা জানানো হয়।

---

রাজ্যে আরও বিনিয়োগ টানতে খুচরো পণ্য নীতি তৈরির সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। কর্ণাটক তামিলনাড়ুর মত রাজ্যগুলিতে ইতোমধ্যেই এই নীতি রয়েছে। কিন্তু এ রাজ্যে এতদিন তা ছিল না। দুবাইয়ের বিখ্যাত লুলু গ্রুপ, বিনিয়োগে আগ্রহ দেখানোর পরই এই নীতি তৈরির ওপর গুরুত্ব দিল রাজ্য। এর জন্যে খসরা তৈরির কাজও শিল্প দণ্ডের ইতিমধ্যেই শুরু করে দিয়েছে বলে নবান্ন সূত্রে খবর।

উল্লেখ্য, কিছুদিন আগেই মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছিলেন রাজ্যে ৬টি ইন্ডাস্ট্রিয়াল করিডোর তৈরি হচ্ছে। এ রাজ্য খুচরো বাজারে বিনিয়োগে আগ্রহ বাড়াতে আরও কিছু পদক্ষেপ গ্রহণেরও সিদ্ধান্ত নেওয়া হচ্ছে। এর মধ্যে একটি হল নতুন শিল্প তালুক গড়ে তোলা।

---

আবাস যোজনার টাকা উপভোক্তারা যাতে অন্য কোনও খাতে না খরচ করেন রাজ্য সরকার সে ব্যপারে সতর্ক হচ্ছে। নতুন করে আবাসের বরাদ্দ ছাড়ার আগে এনিয়ে তৎপর হয়েছে রাজ্যের পঞ্চায়েত দফতর। ঠিক করা হয়েছে আবাসের টাকা শুধুমাত্র বাড়ি তৈরির কাজেই ব্যবহার করবেন এই মর্মে যোগ্য উপভোক্তাদের কাছ থেকে এবার মুচলেকা নেওয়া হবে। তার পরেই তাদের জন্য বাড়ি তৈরির প্রথম কিন্তির টাকা মঞ্জুর করা হবে। পঞ্চায়েত দফতর সূত্রে জানা গেছে, আবাস প্লাসের পূর্বেকার তথ্য অনুযায়ী গ্রামীণ আবাসের ক্ষেত্রে রাজ্য অন্তত ৩০ থেকে ৪০ হাজার উপভোক্তার বাড়ি অসম্পূর্ণ। এর একটা বড় অংশ টাকা নিয়েছে কিন্তু কাজ শেষ করেনি। এমন ঘটনার পুনরাবৃত্তি আটকাতেই যোগ্য উপভোক্তাদের কাছ থেকে মুচলেকা নেওয়ার এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই তথ্য পঞ্চায়েত দফতরের কাছেও রেকর্ড হিসেবে থাকবে। পরবর্তী সময়ে দুর্নীতি বা অন্য কোনও প্রশ্ন উঠলে ওই নথি দেখিয়ে তা খারিজ করা হবে।

---

ঐতিহ্যবাহী কলকাতা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা ও গন জ্ঞাপন বিভাগের সাংবাদিকতা পাঠক্রম ৭৫ বছরে পদার্পণ করতে চলেছে আগামী সোমবার ৭ই অক্টোবর। এই উপলক্ষে বর্ষব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শান্তা দত্ত গতকাল এক সাংবাদিক বৈঠকে এ কথা জানান। তিনি বলেন, ১৯৫০ সালের এই দিনেই সাংবাদিকতায় দু বছরের ডিপ্লোমা পাঠক্রমের সূচনা করেন তৎকালীন মুখ্যমন্ত্রী ডাক্তার বিধান চন্দ্র রায়। উপাচার্য ছিলেন বিচারপতি শঙ্কুনাথ মুখাজী। সূচনাকাল থেকেই প্রায় ১ দশকের বেশি সময় এই বিভাগ পরিচালনা করেন বিশিষ্ট সাংবাদিক চপলাকান্ত ভট্টাচার্য। কলকাতা বিশ্ববিদ্যালয় সাংবাদিকতা পাঠক্রমের প্রবর্তন ছিল এক ঐতিহাসিক পদক্ষেপ। ১৯ ৭১ - ৭৩ শিক্ষাবর্ষ থেকে শুরু হয় স্নাতকোত্তর এমএ ডিগ্রির সূচনা। ১৯৯৮ সাল থেকে এই বিভাগের নাম পরিবর্তন করে রাখা হয় সাংবাদিকতা ও গন জ্ঞাপন বিভাগ।

পরে সাংবাদিকতা বিভাগের ডিন, অধ্যাপক ডক্টর সৌমেন্দ্র নাথ বেরা জানান ৭ই অক্টোবর প্রতিষ্ঠা দিবস উপলক্ষে এক বর্ণাত্য শোভাযাত্রার আয়োজন করা হয়েছে। সকাল সাড়ে ,১০ টায়

কলেজ স্ট্রিট ক্যাম্পাসে এই উদযাপন যাত্রার উদ্বোধন করবেন উপাচার্য। থাকবেন রেজিস্ট্রার অধ্যাপক dr দেবাশীষ দাস। শোভাযাত্রা শেষ হবে জাতীয়তাবাদী সাংবাদিকতার আতুরঘর ওয়েলিংটন স্কোয়ার এর পাশে রাজা সুবোধ মন্দিরের বাড়ির সামনে।

বর্তমান ও প্রাক্তন সব ছাত্র ছাত্রী, গবেষক, শিক্ষক ও শিক্ষা কর্মীদের সকল কে এই উদযাপন যাত্রায় শামিল হওয়ার আহ্বান জানানো হয়েছে।

---

বাংলা সহ ৫ টি ভারতীয় ভাষাকে কেন্দ্র ধ্রুপদী ভাষার মর্যাদা দানের যে সিদ্ধান্ত নিয়েছে, শিক্ষাবিদ, বুদ্ধিজীবী ও বিদ্বন্ধ মহল তাকে স্বাগত জানিয়েছেন। বাংলা, অসমীয়া, মারাঠী, পালি ও প্রাকৃত ভাষার এই মর্যাদা দানের ফলে এগুলির গবেষণা ও সংরক্ষণের ক্ষেত্রে সরকারের কাছ থেকে বিভিন্ন সুফল লাভ সম্ভবপর হবে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের বৌদ্ধশাস্ত্রের অধ্যাপক ডক্টর উজ্জ্বল কুমার বলেছেন, এই ভাষাগুলির যে সুপ্রাচীন সাংস্কৃতিক ঐতিহ্য এই সিদ্ধান্তের ফলে আরও সমৃদ্ধ হবে। সাহিত্যের ছাত্রছাত্রীদের জন্য কর্ম সংস্থানের সুযোগও আরও বাঢ়বে।

ইন্দিরা গান্ধী ন্যাশানাল সেন্টার ফর আর্টসের সদস্য সচিব ডক্টর সচিদানন্দ যোশী বলেছেন, এই ভাষাগুলির ধ্রুপদী ভাষার তালিকায় জায়গা করে নেওয়ার এক ঐতিহাসিক তাৎপর্য রয়েছে।

---

আইএসএলে আজ একইদিনে বাংলার তিনটি দল ইস্টবেঙ্গল, মোহনবাগান সুপারজায়ান্ট ও মহামেডান স্পোর্টিং মাঠে নামছে। জামশেদপুরের জে আর ডি টাটা স্পোর্টস কমপ্লেক্সে ইস্টবেঙ্গল, জামশেদপুর এফ সির মুখোমুখি হবে। খেলা শুরু হবে বিকেল পাঁচটায়। দুটি দলই তিনটি করে ম্যাচ খেলেছে। জামশেদপুর ৬ পয়েন্ট নিয়ে লিগতালিকায় তৃতীয় স্থানে রয়েছে।

ইস্টবেঙ্গল তিনটি ম্যাচই হেরে এখনো পর্যন্ত কোনো পয়েন্টই সংগ্রহ করতে পারেনি। ১৩ দলের লিগতালিকায় তারা সবশেষে রয়েছে।

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙনে আইএসএলে প্রথমবার মোহনবাগান সুপারজায়ান্ট, মহামেডান স্পোর্টিং এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

দুই দলই ৩ ম্যাচ খেলে ৪ পয়েন্ট সংগ্রহ করেছে। গোল পার্থক্যে এগিয়ে থাকায় মহামেডান লিগতালিকায় অষ্টম, মোহনবাগান দশম স্থানে রয়েছে।

---